

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট

১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০৩.২৫.১২৭.২০. ২৫০

তারিখ : ১ নভেম্বর ২০২০ খ্রি.

## প্রেস রিলিজ


ঢাকা, ০১ নভেম্বর ২০২০ খ্রি.

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর উদ্যোগে আগামী ১ নভেম্বর থেকে ১৯ নভেম্বর ২০২০ খ্রি. পর্যন্ত ৩ (তিন) সপ্তাহব্যাপী 'ডিজিটাল অফিস ম্যানেজমেন্ট' শীর্ষক প্রশিক্ষণ পাঠ্যধারা আয়োজন করা হয়েছে।

পাঠ্যধারাটিতে তথ্য মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ১০ (দশ) জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি পাঠ্যধারার উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন।

এ প্রশিক্ষণে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীবৃন্দ অফিস ম্যানেজমেন্টের ধারণা, অফিস ম্যানেজারের ভূমিকা, চেঞ্জ এন্ড কনফ্লিক্ট ম্যানেজমেন্ট, ফাইলিং এন্ড ইনডেক্সিং, বিভিন্ন ধরনের রেজিস্টার ও স্টোর ব্যবস্থাপনা, বাজেট ব্যবস্থাপনা ও আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব, বাজেট ও হিসাব রক্ষণ, ই-ফাইলিং পরিচিতি, ডাক ব্যবস্থাপনা ও নথি ব্যবস্থাপনা, এ্যাডভান্সড অফিস এপ্লিকেশন টুলস, সিকিউরিটি ম্যাজারস অনসোসাল মিডিয়া এন্ড সিকিউরিটি এ্যাওয়ারেনেস, সোশাল মিডিয়া গাইড লাইন, ডিজিটাল সিকিউরিটি এ্যাঙ্ক ২০১৮ এবং অনলাইন গণমাধ্যম নীতিমালা, এন্টিভাইরাস কনফিগারেশন ও জাংক/কুকিজ ম্যানেজমেন্ট, পিডিএফ ম্যানেজমেন্ট, কম্পিউটার হার্ডওয়্যার, সফটওয়্যার পরিচিতি, ই-মেইল কনফিগারেশন, সার্চ ইঞ্জিনের ব্যবহার, অপারেটিং সিস্টেম পরিচিতি ও বেসিক ট্রাবলসুটিং, ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন ও ইজিপি, E-goverment Master Plan, MTBF, ibass++ ও বিভিন্ন সরকারী বিধিমালার বিষয়ে তত্ত্বীয় এবং ব্যবহারিক জ্ঞান ও দক্ষতা অর্জন করবেন।

প্রশিক্ষণার্থীদের হাতে কলমে পাঠদানের মাধ্যমে সরকারের উন্নয়ন কর্মকান্ড ও নীতিমালা প্রয়োগে দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলাই এ পাঠ্যধারার মূল লক্ষ্য।

  
5.11.2020

আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা  
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

### বিতরণ ঃ সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ/ কমিউনিটি রেডিওসমূহ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।